

দৈনিক ইত্তেফাক

প্রতিদিন তাজাজল হোসেন মালিক সিয়া

নিহত শিক্ষার্থীদের স্মরণে রাগীব রাবেয়া মেডিক্যাল শোকসভা

 ২০ মার্চ, ২০১৮ ইং ০০:০০ মি:

সিলেট অফিস

নেপালের কাঠমান্ডুতে অবস্থিত ত্রিভুবন আন্তর্জাতিক বিমান বন্দরে মর্মান্তিক বিমান দুর্ঘটনায় জালালাবাদ রাগীব রাবেয়া মেডিকেল কলেজ সিলেটের যেসব নেপালি ছাত্র-ছাত্রী নিহত হয়েছেন তাদের স্মরণে সোমবার দুপুরে কলেজের লেকচার গ্যালারী-১ এ এক শোক সভা অনুষ্ঠিত হয়। কলেজ অধ্যক্ষ অধ্যাপক মো. আবেদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত শোক সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষ ও সার্জারি বিভাগের প্রধান অধ্যাপক এ কে এ দাউদ এবং মেডিসিন বিভাগের প্রধান অধ্যাপক প্রদ্যোত কুমার ভট্টাচার্য। শোকসভায় উপস্থিত বিশেষ অতিথিবৃন্দ ও সভাপতি ছাত্রাও কলেজের ছাত্র-ছাত্রীদের পক্ষে বক্তব্য রাখেন কলেজের ২০তম ব্যাচের নেপালি ছাত্র নিতেশ ঘীমিরে, কলেজের চিকিৎসকবৃন্দের পক্ষে ফার্মাকোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. মৈত্রী দেব রায়। প্রত্যেক বক্তব্য নিহত ছাত্র-ছাত্রীদের স্মৃতি রোমাঞ্চন করে আবেগাপ্লুত হয়ে পড়েন। সভাপতির বক্তব্যে কলেজ অধ্যক্ষ অধ্যাপক মো. আবেদ হোসেন বলেন, তারা ছিল আমার সন্তানের মতো, পিতার কাঁধে সন্তানের লাশের বোৰার চেয়ে আর ভারী কিছু হতে পারে না। তারা ছাত্র হিসেবেও অনেক যেধারী ও বিনয়ী ছিল। এক সাথে এতগুলো সন্তানের লাশ আমাকে দেখতে হবে তা আমি কোনো দিন কল্পনাও করতে পারিনি। তিনি বলেন, তাদের হাসিমাখা মুখগুলো আমি কোনো দিনও ভুলতে পারবো না। কলেজ অধ্যক্ষ তার বক্তব্যের সময় কান্নায় ভেঙে পড়লে আবেগাপ্লুত পরিবেশের সৃষ্টি হয়।

ভারপ্রাণ সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রন্তি অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত